# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৩, ১৯৮৮

[বাংলাদেশ গেজেট, অসাধারণ, তারিখ ১লা সেপ্টেম্বর, ১৯৮০-তে ইংরেজী ভাষায় প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**বাস্তবায়ন কোষ**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ১লা সেপ্টেম্বর, ১৯৮০**

**নং এস,আর,ও ৩০২-এল/৮০/ইডি/আইসি/এস২-৩/৮০-১১৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০ অনুচ্ছেদের (২) দফার বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**— এই বিধিমালা " বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি ঃ কৃষি) গঠন ও ক্যাডার বিধিমালা, ১৯৮০" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "ক্যাডার পদ" অর্থ তফসিলে অন্তর্ভুক্ত পদ ;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(গ) "শিক্ষানবিস" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ; এবং

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি ঃ কৃষি)।

৩। **সার্ভিস গঠন।**—(১) বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি ঃ কৃষি) নামে একটি সার্ভিস গঠিত হইবে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে,—

(ক) যাহারা ১৯৭১ সালের ২৫শে মার্চ তারিখে কিংবা তৎপূর্ববর্তী কালে সাবেক পূর্ব-পাকিস্তান কৃষি সার্ভিস প্রথম শ্রেণী-এর সদস্য ছিলেন ;

(খ) যাহারা স্বাধীনতার পর বিলুপ্ত বলিয়া গণ্য না হইলে সার্ভিস ক্যাডারের অন্তর্ভুক্ত হইত এইরূপ পদে, তদানীন্তন পূর্ব পাকিস্তান সরকারী কর্মকমিশন অথবা কমিশন-এর কিংবা যে মেয়াদে কমিশন অস্তিত্বহীন ছিল সেই মেয়াদের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে বা তৎপরবর্তীকালে নিযুক্ত হইয়াছিলেন এবং যাহাদের চাকুরীর শর্তাবলী যে কোন সাবেক ক্যাডার-সার্ভিসের বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হয়, এবং যাহারা ১৯৭১ সালের ১লা জানুয়ারী তারিখে অথবা তৎপূর্ববর্তীকালে কোন ক্যাডারভুক্ত পদে স্থায়ীকৃত হইয়াছিলেন ; এবং

(গ) যাহারা এই বিধিমালা অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

৪। **ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ**—(১) তফসিলে উল্লেখিত পদসমূহ সার্ভিস-ক্যাডারের অন্তর্ভুক্ত হইবে।

(২) তফসিলে উল্লেখিত সংখ্যক পদ হইবে সার্ভিস-ক্যাডারের প্রারম্ভিক পদের সংখ্যা, এবং সরকার উক্ত ক্যাডার পদের সংখ্যা অর্থ মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে পরিবর্তন করিতে পারিবে।

৫। **নিয়োগকারী কর্তৃপক্ষ**—রাষ্ট্রপতি অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন অফিসার কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা হইবে।

৬। **নিয়োগ পদ্ধতি**—(১) সার্ভিসে প্রারম্ভিকভাবে ৩(২) (ক) এবং (খ) বিধির আওতাধীন ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে এবং উহার পর—

(ক) কমিশনের সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং

(খ) কমিশনের সুপারিশক্রমে নিয়োগ বিধিতে কোন বিধান থাকিলে তদনুযায়ী 'ফিডার' পদ হইতে পদোন্নতির মাধ্যমে নিয়োগকৃত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে।

(২) সার্ভিসে একবার পার্শ্ব প্রবেশ চলিবে।

(৩) সার্ভিসের কোন সদস্য নূতন জাতীয় স্কেলের টাঃ১৪০০—২২২৫ ও টাঃ ২১০০—২৬০০ বেতন স্কেলের কোন পদে পদোন্নতি পাইবেন না যদি তিনি নিয়োগ বিধিতে নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত পরীক্ষায় বা টেস্টে উত্তীর্ণ না হইয়া থাকেন।

(৪) সার্ভিসের কোন সদস্যকে নূতন জাতীয় বেতন স্কেলভুক্ত টাকা ১৪০০—২২২৫ স্কেলে বেতন দেওয়া হইবে না যদি তাহার প্রারম্ভিক পর্যায়ের চাকুরীকাল সাত বৎসর পূর্ণ না হইয়া থাকে ; এবং সার্ভিস ক্যাডারে মঞ্জুরীকৃত পদ বিদ্যমান না থাকে।

(৫) সার্ভিসের যে সকল সদস্য নূতন জাতীয় বেতন স্কেলভুক্ত টাকা ২৩৫০—২৭৫০ স্কেলে উন্নীত হইয়াছেন তাহাদিগকে সফলতার সহিত প্রশাসনিক স্টাফ কলেজে নিয়মিত কোর্স সম্পন্ন করিতে হইবে।

(৭) যোগ্যতা—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত নিয়োগ বিধিতে নির্ধারিত যোগ্যতা ও শর্তের অনুরূপ হইবে।

৮। **শিক্ষানবিস ও স্থায়ীকরণ**—(১) সার্ভিসে বাস্তব শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত ব্যক্তির শিক্ষানবিসির মেয়াদ হইবে—

(ক) দুই বৎসর, যদি তিনি কমিশনের সুপারিশক্রমে সার্ভিসে সরাসরি নিযুক্ত হইয়া থাকেন; এবং

(খ) এক বৎসর যদি তিনি পদোন্নতির মাধ্যমে নিযুক্ত হইয়া থাকেন ;

সরকার শিক্ষানবিসির মেয়াদ অনধিক আরও দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

**ব্যাখ্যা।**—শিক্ষানবিসির মেয়াদ সমাপ্তির পরবর্তী দিবসের মধ্যে যদি কোন আদেশ প্রদান করা না হয় তাহা হইলে শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) শিক্ষানবিস হিসাবে চাকুরীতে নিযুক্ত ব্যক্তিকে শিক্ষানবিসির মেয়াদের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত শর্তানুসারে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদে কোন শিক্ষানবিস সার্ভিসে থাকার অনুপযুক্ত বলিয়া প্রতীয়মান হইলে, কমিশনের সহিত পরামর্শ ব্যতীতই তাহার নিয়োগের অবসান করা যাইবে।

(৪) কোন ব্যক্তিকে চাকুরীতে স্থায়ী করা হইবেনা, যদি তিনি তাহার শিক্ষানবিসির নির্ধারিত মেয়াদ শেষ হওয়া পর্যন্ত চাকুরী না করিয়া থাকেন, সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সংগে সমাপ্ত ও বিভাগীয় পরীক্ষায় পাশ না করিয়া থাকেন এবং তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক বলিয়া প্রতীয়মান না হইয়া থাকে।

৯। **জ্যেষ্ঠতা**—চাকুরীতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরিকৃত মেধাক্রম অনুসারে নির্ধারিত হইবে।

১০। **সাধারণ বিধিমালা**—যে সকল বিষয়ে এই বিধিমালায় স্পষ্টরূপে কোন বিধান করা না হয়, সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সেই বিধিমালা দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত হইয়াছে বা অতঃপর প্রণীত হইতে পারে এবং তাহাদের প্রতি প্রযোজ্য হইয়াছে বা হইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ উদ্দিন আহমেদ**

সচিব।

## তফসিল

(বিধি-৪ দ্রষ্টব্য)

| ক্রমিক নং। | পদের শ্রেণী | পদের সংখ্যা |
|---|---|---|
| | **ক/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর** | |
| ১। | মহা-পরিচালক | ১ |
| ২। | পরিচালক, কৃষি সম্প্রসারণ/পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী | ৬ |
| ৩। | অতিরিক্ত পরিচালক/মূখ্য বীজ প্রত্যয়ন অফিসার | ৬ |
| ৪। | আঞ্চলিক পরিচালক/যুগ্ম-পরিচালক | ১৩ |
| ৫। | উপ-পরিচালক/অধ্যক্ষ/মূখ্য মাঠ নিয়ন্ত্রণ অফিসার/প্রধান বীজ প্রযুক্তিবিদ | ৬৪ |
| ৬। | সহকারী পরিচালক/বিষয়বস্তু বিশেষজ্ঞ/প্রশিক্ষণ অফিসার/উদ্যানতত্ত্ববিদ/আঞ্চলিক মাঠ অফিসার/মান নিয়ন্ত্রণ অফিসার/বিপণন সম্প্রসারণ অফিসার/কৃষিতত্ত্ববিদ/সিনিয়র প্রশিক্ষক | ৩২০ |
| ৭। | উপজেলা কৃষি অফিসার | ৪৬০ |
| ৮। | বিষয়বস্তু অফিসার/অতিরিক্ত কৃষি অফিসার/এরিয়াল কীট নিয়ন্ত্রণ অফিসার/কীটতত্ত্ববিদ/উদ্ভিদ রোগ নির্ণয়বিদ/সংগনিরোধ কীটতত্ত্ববিদ/প্রশিক্ষণ/সহকারী উদ্যানতত্ত্ববিদ/রসায়নবিদ/মাঠ অফিসার/বীজ বিশ্লেষক নমুনা সংগ্রহ অফিসার/প্রকাশনা অফিসার | ১০৭৭ |
| | মোট . . | ১৯৪৭ |
| | **খ/কৃষি বিপণন অধিদপ্তর** | |
| ১। | পরিচালক | ১ |
| ২। | প্রধান (আর এন্ড পি) | ১ |
| ৩। | উপ-পরিচালক/উপ-প্রধান | ৭ |
| ৪। | সহকারী প্রধান | ৬ |
| ৫। | সহকারী পরিচালক/গবেষণা অফিসার | ১২ |
| | মোট . . | ২৭ |

| ক্রমিক নং | পদের শ্রেণী | পদের সংখ্যা |
|---|---|---|
| | গ/মৃত্তিকাসম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | |
| ১। | পরিচালক | ১ |
| ২। | প্রধান বৈজ্ঞানিক অফিসার | ১ |
| ৩। | মুখ্য বৈজ্ঞানিক অফিসার | ৯ |
| ৪। | সিনিয়র বৈজ্ঞানিক অফিসার | ১০ |
| ৫। | বৈজ্ঞানিক অফিসার | ১৪ |
| | মোট .. | ৭৫ |
| | সর্বমোট .. | ২০৪৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডি, এস, ইউসুফ হায়দার**

অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত। খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।